

ছেলে হোক, মেয়ে হোক,
দু'টি সন্তানই যথেষ্ট

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিবার পরিকল্পনা অধিদপ্তর
এমসিএইচ-সার্ভিসেস ইউনিট
৬ কাওরান বাজার, ঢাকা।

স্মারক নং - পপঅ/এমসি-আরএএইচ/২০০/বিবিধ-৩০০/অংশ-৫/ ২৫৩৯

তারিখ : ৩০/০৭/২০১৯ খ্রিঃ


বিষয় : ডেঙ্গু নিয়ন্ত্রণে নির্দেশনা।

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, সারা দেশে ডেঙ্গু ছড়িয়ে পড়ায় প্রতিরোধ ও চিকিৎসা ব্যবস্থা নিশ্চিত করার জন্য সরকারের পক্ষ হতে বিভিন্ন কার্যক্রম গ্রহণ করা হয়েছে। এ লক্ষ্যে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়স্বীকৃত স্বাস্থ্য অধিদপ্তর ও পরিবার পরিকল্পনা অধিদপ্তর বিভিন্ন কর্মসূচি গ্রহণ করেছেন। বর্তমানে ডেঙ্গু আক্রান্ত রোগীর সংখ্যা বৃদ্ধি পাওয়ায় প্রতিরোধ ও প্রতিকারমূলক ব্যবস্থা গ্রহণের জন্য নিম্নবর্ণিত কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে :

- ১। সেবা কাজে নিয়োজিত সকল চিকিৎসক কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ এ বিষয়ে সচেতনতা বৃদ্ধির উদ্যোগ গ্রহণ করবেন।
 - ক। সংশ্লিষ্ট বিশেষায়িত হাসপাতাল/মা ও শিশু কল্যাণ কেন্দ্র/ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র/বাসস্থানসহ পরিষ্কার পরিচ্ছন্ন রাখা।
 - খ। ঝোপ ঝাঁড় থাকলে তা পরিষ্কার করা
 - গ। প্রতিটি সেবাদান কেন্দ্রে ডেঙ্গু বিষয়ক সচেতনতামূলক তথ্য প্রদর্শন করা।
 - ঘ। হাসপাতালে ভর্তি রোগীর ক্ষেত্রে মশারি ব্যবহার নিশ্চিত করা।
 - ঙ। উপসহকারী কমিউনিটি মেডিকেল অফিসার কর্তৃক স্যাটেলাইটে ডেঙ্গু প্রতিরোধ ও প্রতিকার বিষয়ে আলোচনা করা।
 - চ। পরিবার কল্যাণ পরিদর্শিকা কর্তৃক অনুষ্ঠিত স্যাটেলাইট ক্লিনিকে ডেঙ্গু প্রতিরোধ ও প্রতিকার বিষয়ে আলোচনা করা।
 - ছ। পরিবার পরিকল্পনা পরিদর্শকগণ কর্তৃক স্বাস্থ্য সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে মসজিদ মাদ্রাসায় ডেঙ্গু বিষয়ক সচেতনামূলক কার্যক্রম গ্রহণ করা।
 - জ। এই সকল কার্যক্রম পরিচালনার জন্য স্থানীয় জনপ্রতিনিধি, স্বাস্থ্য বিভাগ, স্থানীয় প্রশাসনের সাথে সমন্বয় সাধন করা।
 - ঝ। ডেঙ্গু আক্রান্ত আগত রোগীদের যথাযথ স্থানে রেফার করা।

বিষয়টি অতীব গুরুতর।

মহাপরিচালক পরিবার পরিকল্পনা মহোদয়ের সদয় নির্দেশক্রমে।


(ডাঃ মোহাম্মদ শরীফ)

পরিচালক (এমসিএইচ-সার্ভিসেস) ও
লাইন ডাইরেক্টর (এমসিআরএএইচ)
পরিবার পরিকল্পনা অধিদপ্তর

বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :

১. অতিরিক্ত সচিব (সকল), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. পরিচালক (সকল) পরিবার পরিকল্পনা অধিদপ্তর ঢাকা।
৩. পরিচালক, পরিবার পরিকল্পনা (সকল) বিভাগ।
৪. পরিচালক / তত্ত্বাবধায়ক, এমএফএসটিসি, মোহাম্মদপুর/এমসিএইচটিআই, আজিমপুর, ঢাকা।
৫. মাননীয় মন্ত্রী, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
৬. সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
৭. সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
৮. উপপরিচালক, পরিবার পরিকল্পনা, জেলা।
৯. রিজিওনাল/ জেলা কনসালটেন্ট, এফপিএস-কিউআইটি (সকল), অঞ্চল/ জেলা।
১০. সহকারী পরিচালক (সিসি ও পঃপঃ)/ মেডিকেল অফিসার (সিসি), জেলা পরিবার পরিকল্পনা কার্যালয়. জেলা।
১১. মেডিকেল অফিসার (ক্লিনিক), মা ও শিশু কল্যাণ কেন্দ্র, জেলা।
১২. মেডিকেল অফিসার (এমসিএইচ-এফপি)/ উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা উপজেলা. জেলা।
১৩. বৈশাখী চৌধুরী, সহকারী রক্ষণাবেক্ষণ প্রকৌশলী, এমআইএস ইউনিট, পরিবার পরিকল্পনা অধিদপ্তর। ওয়েব-সাইটে প্রকাশের ব্যবস্থা করুন।
১৪. মহাপরিচালক পরিবার পরিকল্পনা মহোদয়ের ব্যক্তিগত সহকারী পরিবার পরিকল্পনা অধিদপ্তর।
১৫. মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী স্বাস্থ্য অধিদপ্তর মহাপ্রাণী ঢাকা।